দৈনিক ইত্তেফাক

তারিখ 02 DEC 1995
পৃষ্ঠা ৭ কলাম ৭

২

## পাবলিক লাইব্রেরীর শিশু পাঠাগার

ঢাকা মহানগরীর কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরীর শিশু পাঠাগারটি পূর্বে একটি পৃথক ভবন ছিল। তখন এই পাঠাগারে ছেলে-মেয়েদের বই পড়ার জন্য পর্যাপ্ত জায়গা ছিল। কিছুদিন আগে শিশু পাঠাগারটি পাবলিক লাইব্রেরী ভবনের দোতলায় একটি সংকীর্ণ কক্ষে স্থানান্তর করা হইয়াছে। নূতন এই জায়গায় স্থানের স্বল্পতাহেতু শিশু পাঠাগারের অনেক আসবাবপত্র এখনও পূর্বেকার ভবনে অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে। নূতন স্থানে মাত্র ১৫/২০ জনের অধিক পাঠকের বসিবার ব্যবস্থা নাই। শিশু পাঠাগারটি যখন সাবেক ভবনে ছিল, তখন অনেক মা তাঁহাদের বাচ্চাদেরকে নিয়া নিয়মিত শিশু পাঠাগারে যাইতেন। কিন্তু এখন যেখানে পাঠাগারটি স্থানান্তরিত হইয়াছে সে স্থানটিতে শিশুদের পাঠের উপযোগী পরিবেশ নাই। এমতাবস্থায় শিশু পাঠাগারটি জরুরী-ভিত্তিতে সাবেক ভবনে স্থানান্তর করিয়া মা ও শিশুদের উহা ব্যবহার করার সুযোগ করিয়া দেওয়ার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাইতেছি।

তাহমিনা আক্তার, কাঁঠালবাগান, ঢাকা।

...ND STATISTICS
SHEET — OF — SHEETS